

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১৭৩০

৪৮/ যিক্র, দুআ, তাওবাহ এবং ক্ষমা প্রার্থনা (کتاب الذکر والدعاء والتوبة والاستغفار) পরিচ্ছেদঃ ৪৮/১৩. যিকরে আওয়াজ আন্তে করা মুস্তাহাব।

استحباب خفض الصوت بالذكر

আরবী

حديث عَبْدِ اللهِ بْنِ عَمْرِو، أَنَّ أَبَا بَكْرِ الصِّدِيقَ رضي الله عنه، قَالَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: يَا رَسُولَ اللهِ عَلِّمْنِي دُعَاءً أَدْعُو بِهِ فِي صَلَاتِي قَالَ: قُلِ اللهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظَلْمًا كَثِيرًا، وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مِنْ عِنْدَكَ مَغْفِرَةً، إِنَّكَ أَنْتَ الْغَفُورُ لِي مِنْ عِنْدَكَ مَغْفِرَةً، إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ

বাংলা

১৭৩০. আবদুল্লাহ্ ইবনু আমর (রাঃ) হতে বর্ণিত। আবু বকর সিদ্দীক (রাঃ) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-কে লক্ষ্য করে বললেন, হে আল্লাহর রাসূল! আমাকে এমন একটি দুআ শিখিয়ে দিন যা দিয়ে আমি আমার সালাতে দু'আ করতে পারি। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি বল,

اللهُمَّ إِنِّي ظَلَمْتُ نَفْسِي ظلْمًا كَثِيرًا، وَلاَ يَغْفِرُ الذُّنُوبَ إِلاَّ أَنْتَ فَاغْفِرْ لِي مِنْ عِنْدَكَ مَغْفِرَةً، إِنَّكَ أَنْتَ الْغَفُورُ الرَّحِيمُ

হে আল্লাহ্! আমি আমার নফসের ওপর অত্যধিক যুলুম করেছি। অথচ আপনি ব্যতীত আমার গুনাহসমূহ ক্ষমা করার কেউই নেই। সুতরাং আপনার পক্ষ থেকে আমাকে সম্পূর্ণভাবে ক্ষমা করে দিন। নিশ্চয়ই আপনিই অধিক ক্ষমাপরায়ণ ও দয়াবান।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৯৭ : তাওহীদ, অধ্যায় ৯, হাঃ ৭৩৮৭-৭৩৮৮; মুসলিম, পর্ব ৪৮ : আল্লাহ তা'আলার যিকরের প্রতি উৎসাহ প্রদান, অধ্যায় ১৩, হাঃ ২৭০৫

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন